

## কৃষিশিক্ষা-প্রথম পত্র:

বিষয় কোড: ২৩৯

### সৃজনশীল

[যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও]

#### ১ম অধ্যায়:

১. মিলন ও সবুজ এ বছর তাদের জমিতে মাঠ ও উদ্যান ফসল চাষের সিদ্ধান্ত নেয়। মিলন তার জমিতে ভুটা চাষ করল। অপর দিকে সবুজ তার জমিতে গ্লাডিওলাস ফুলের চাষ করে লাভবান হলো।

ক. বাংলাদেশের কৃষির ক্ষেত্রগুলোর নাম লিখ।

খ. কৃষি বন বলতে কী বোঝ ?

গ. মিলন যে জাতীয় ফসল চাষ করেছে তার প্রকারভেদ ব্যাখ্যা করো।

ঘ. মিলন ও সবুজের আবাদকৃত ফসলের বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ করো।

২. সোহাগ মিয়া নয়াপাড়া গ্রামের একজন কৃষক। বাড়ি থেকে বাজারে যেতে হলে তাকে দুপুরে প্রচণ্ড রোদে চার কিলোমিটার পথ অতিক্রম করতে হয়। বিশ্রাম নেওয়ার মত ছায়া কোথাও নেই। তাই সে কয়েকজন কৃষকের সাথে আলোচনা করে সম্পূর্ণ রাস্তায় কিছু বনজ বৃক্ষের চারা রোপণ করে। তারা উৎপাদিত দ্রব্যগুলো চুক্তি অনুযায়ী বণ্টনের সিদ্ধান্ত নেয়।

ক. মাঠ ফসল কী ?

খ. টমেটো কেন উদ্যান ফসল ? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের ফসলটি কৃষির কোন ক্ষেত্রের অন্তর্ভুক্ত ? ব্যাখ্যা করো।

ঘ. সোহাগ মিয়ার উদ্যোগটি বাংলাদেশের প্রেক্ষাপটে মূল্যায়ন করো।

৩. নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



চিত্র-১



চিত্র-২

ক. উদ্যান ফসল কী?

খ. সামাজিক বনায়ন কেন গুরুত্বপূর্ণ?

গ. উদ্দীপকের চিত্র-২ কৃষির তথ্য ও সেবা প্রাপ্তিতে কিভাবে ভূমিকা রাখছে তা ব্যাখ্যা করো।

ঘ. চিত্র-১ ও চিত্র-২ এর মধ্যে কোনটি কৃষি উন্নয়নে অধিকতর উপযোগী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৪. আরিফ ও তার বন্ধুরা কিশোরগঞ্জ এলাকায় ঘুরতে গিয়ে দেখতে পেল যে সেখানে প্রায় প্রতি বাড়িতেই পুকুরের উপর ঘর তৈরি করে হাঁস-মুরগি পালন করা হচ্ছে। তারা ক্লাসে ফিরে শিক্ষকের কাছে এই সম্পর্কে জানতে চাইল।

ক. কৃষি কী ?

খ. অভিজ্ঞ কৃষককে স্থানীয় তথ্যভান্ডার বলা হয় কেন ? ব্যাখ্যা করো।

- গ. কিশোরগঞ্জ এলাকার চাষ ব্যবস্থার সুবিধাগুলো ব্যাখ্যা করো ।
- ঘ. উক্ত এলাকার চাষ ব্যবস্থার অর্থনৈতিক গুরুত্ব মূল্যায়ন করো ।
৫. তুহিনের বাড়ি ময়মনসিংহ এলাকায় । সে তার আবাদি জমিতে ধান চাষ করে । একদিন তার কৃষিবিদ বন্ধু তাদের এলাকায় বেড়াতে এসে ধানের জমি দেখে বললে, এ জাতীয় ফসল বড় জমিতে চাষ করা হয় । তবে এক্ষেত্রে ফসল উৎপাদনের খরচ ও ঝুঁকি বেশি । সে তুহিনকে বলল, বাংলাদেশে মানুষের মৌলিক চাহিদা পূরণে এ জাতীয় ফসলের গুরুত্ব অনেক ।
- ক. উঠোন বৈঠক কাকে বলে ?
- খ. মৌলিক চাহিদা বলতে কী বুঝ ?
- গ. তুহিন তার জমিতে যে ধরনের ফসল উৎপাদন করে তা ব্যাখ্যা করো ।
- ঘ. তুহিনের কৃষিবিদ বন্ধুর বক্তব্যটির সত্যতা বিশ্লেষণ করো ।

৬.



চিত্র - ক



চিত্র - খ

- ক. মাৎস্য বিজ্ঞান কাকে বলে ?
- খ. কৃষিকে জাতীয় অর্থনীতির মেরুদণ্ড বলা হয় কেন ? ব্যাখ্যা কর ।
- গ. চিত্র -ক-এর ফসলটি কোন ধরনের ? ব্যাখ্যা কর ।
- ঘ. অর্থনৈতিক বিবেচনায় চিত্রের কোন ফসলটি অধিকতর গুরুত্বপূর্ণ ? বিশ্লেষণ করো ।

## ২য় অধ্যায় :

৭. আলমের জমিতে কয়েক বৎসর যাবত ফসলের ফলন কম হচ্ছে । কৃষি কর্মকর্তার পরামর্শে তার জমির মাটি মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে পিএইচ ( $p^H$ ) মিটার দিয়ে পরীক্ষা করেন । পরীক্ষায় দেখা যায়, তার জমির মাটির অম্লমান ৪.০ । কৃষি কর্মকর্তা জৈবিক ও রাসায়নিক পদ্ধতিতে মাটির অম্লত্ব দূর করার পরামর্শ দিলেন ।
- ক. মাটির  $p^H$  কী ?
- খ. অম্লীয় মাটির বৈশিষ্ট্য কেমন ব্যাখ্যা করো ।
- গ. আলমের জমির মাটি কীভাবে উৎপাদনের উপযোগী করবে বিশ্লেষণ করো ।
- ঘ. আলমের জমির মাটির অম্লমান ও উর্বরতা বাড়ার কারণ বিশ্লেষণ করো ।
৮. রফিকের জমিতে প্রতি বছরই বিভিন্ন ফসলের ফলন কমছে । তিনি উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শে ভূমির উর্বরতা বৃদ্ধির জন্য সার প্রয়োগ, সবুজ সার, শস্য চাষ, লিগিউমিনাস শস্য চাষ ও রাসায়নিক সার প্রয়োগ করে ফলন ভাল পেলেন । অন্যান্য কৃষকরাও রফিকের মতো ব্যবস্থা গ্রহণ করে ভালো ফলন পায় ।
- ক. মাটি কী ?
- খ. মাটির  $p^H$  জানা জরুরী কেন ?
- গ. রফিক জমিতে কীভাবে ফসলের ফলন বৃদ্ধি করলেন ব্যাখ্যা করো ।
- ঘ. মাটির উর্বরতার স্থায়ীত্বের জন্য রফিকের ব্যবস্থা মূল্যায়ন করো ।